রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৪৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৩৭—৮৪৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৫৫—১৪৯৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৩—২৩৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩২১—১৩৬৮ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

### আদেশাবলি

তারিখ : ৩১ আশ্বিন ১৪৩০/১৬ অক্টোবর ২০২৩

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩৫.২৩-২১৩**—যেহেতু, জনাব ফারহানা বিলকিস, থানা নির্বাচন অফিসার, ধানমন্ডি, ঢাকা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধান লঙ্ঘন করেছেন;

২। যেহেতু, জনাব ফারহানা বিলকিস-কে তার দায়িত্ব হতে বিরত রাখা আবশ্যক;

৩। সেহেতু, একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী উক্ত কর্মকর্তা-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

৪। সাময়িক বরখাস্তকালীন তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৫। এই আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং জারির তারিখ হতে ইহা কার্যকর হবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৩৬.২৩-২১৪**—যেহেতু, জনাব সাইফুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধান লঙ্ঘন করেছেন;

২। যেহেতু, জনাব সাইফুল ইসলাম-কে তার দায়িত্ব হতে বিরত রাখা আবশ্যক;

৩। সেহেতু, একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী উক্ত কর্মকর্তা-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

৪। সাময়িক বরখাস্তকালীন তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন;

৫। এই আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং জারির তারিখ হতে ইহা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাংগীর আলম**
সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ আশ্বিন ১৪৩০/২১ সেপ্টেম্বর ২০২৩

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০১৪.১৩.৪০৯**—বিসিএস (শুল্ক ও আবগারী) ক্যাডারের কর্মকর্তা মোছাঃ রোজিনা পারভীন (পরিচিতি নম্বর-৩০০১৬০), যুগ্ম কমিশনার (চলতি দায়িত্ব) (মূলপদ-উপ কমিশনার)-কে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর গ্রেড-৫ (টাকা ৪৩,০০০—৬৯,৮৫০/-) স্কেলে নিম্নোক্ত শর্তে যুগ্ম কমিশনার পদে পদোন্নতি প্রদান করা হলো:

**শর্তসমূহ:**

(ক) তিনি ২৭ এপ্রিল ২০২২ তারিখ হতে যুগ্ম কমিশনার পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন;

(খ) উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা শুধুমাত্র চাকরির ধারাবাহিকতা, জ্যেষ্ঠতা ও বেতন নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে। এতে যুগ্ম কমিশনার পদে প্রকৃত যোগদানের তারিখের পূর্বের বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

নং **০৮.০০.০০০০.০৩৮.৪৩.০০২.১৯.৪১২**—বিসিএস (শুল্ক ও আবগারী) ক্যাডারের কর্মকর্তা মোসাঃ সারমিন আক্তার মজুমদার, দ্বিতীয় সচিব (উপ-কমিশনার), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা-কে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর গ্রেড-৫ (টাকা ৪৩,০০০—৬৯,৮৫০/-) স্কেলে নিম্নোক্ত শর্তে যুগ্ম কমিশনার পদে পদোন্নতি প্রদান করা হলো:

**শর্তসমূহ:**

(ক) তিনি ২৭ এপ্রিল ২০২২ তারিখ হতে যুগ্ম কমিশনার পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্য হবেন;

(খ) উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা শুধুমাত্র চাকরির ধারাবাহিকতা, জ্যেষ্ঠতা ও বেতন নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে। এতে যুগ্ম কমিশনার পদে প্রকৃত যোগদানের তারিখের পূর্বের বকেয়া আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মকিমা বেগম**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০২ কার্তিক ১৪৩০/১৮ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৪৪.৯৪(১)-৩৬০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ কাজী শরীফ, জন্ম তারিখ: ০১-০১-১৯৯২ খ্রি., পিতা:

ছিদ্দিকুর রহমান, মাতা: রোকেয়া বেগম, গ্রাম: গল্লাই, ওয়ার্ড নং-০৭, ডাকঘর: গল্লাই, উপজেলা-চান্দিনা, জেলা: কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার ১০ নং গল্লাই ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাসুদ-উর-রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**আদেশ**

তারিখ : ০৬ কার্তিক ১৪৩০/২২ অক্টোবর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৫২.০২-৩৬৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ খাইরুল বশার, জন্ম তারিখ: ০১-০১-১৯৮৩ খ্রি. পিতা: নূর মোহাম্মদ, মাতা: লিলি খানম, গ্রাম: শ্রীরামপুর, ওয়ার্ড নং-০৮, ডাকঘর: শ্রীরামপুর, উপজেলা-পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার সদর উপজেলার ১৪ নং মৌকরণ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে]
**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ আশ্বিন ১৪৩০/১৬ অক্টোবর ২০২৩

নং **৫৮.০০.০০০০.০৬১.১৯.০০৬.২৩-১০৪**—নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১ বিধি-৪ এর আলোকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ও প্রস্তাবিত ৪২ (বিয়াল্লিশ) জন সহকারী পরিচালক বা হিসাবরক্ষণ কর্মকর্তা বা আইন কর্মকর্তার নিম্নরূপ জ্যেষ্ঠতা তালিকা আদিষ্ট হয়ে এতদ্বারা অনুমোদন করা হলো:

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | জন্ম তারিখ | চাকুরীতে প্রথম যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ নাজমুল কবীর (১৩০৪০) | ০১-০১-১৯৭৭ | ২৬-০৫-২০০৯ |
| ০২ | জনাব মোঃ আলী হায়দার রাসেল (১৩০৫৩) | ৩১-০১-১৯৮১ | ১৪-১১-২০১২ |
| ০৩ | জনাব মোহাম্মদ সামছুল আলম (১৭০৪১) | ১০-০৪-১৯৮১ | ১৭-০৫-২০০৯ |
| ০৪ | জনাব মোঃ নাসির উদ্দীন (১৭০৪২) | ১৬-০২-১৯৮০ | ১৭-০৫-২০০৯ |
| ০৫ | জনাব চৌধুরী ইমরুল হাসান (১৭০৪৩) | ১০-০৪-১৯৭৭ | ১৭-০৫-২০০৯ |
| ০৬ | জনাব মোহাম্মদ মুস্তাফিজুর রহমান (১৭০৪৪) | ১৫-০১-১৯৭৬ | ১৭-০৫-২০০৯ |
| ০৭ | জনাব মোঃ শরিয়ত উল্লাহ (২৩০৮৮) | ৩১-১২-১৯৬৪ | ০৫-০২-১৯৮৬ |
| ০৮ | জনাব সোমেন মন্ডল (১৩০৬৪) | ৩১-১২-১৯৮৭ | ০১-১১-২০১৬ |
| ০৯ | জনাব মোঃ এমদাদুল ইসলাম মিঠুন (১৩০৬৫) | ১৩-০৮-১৯৮৮ | ০১-১১-২০১৬ |
| ১০ | জনাব আবু আব্দুল্লাহ জাহিদ (১৩০৬৭) | ১০-০৮-১৯৮৭ | ০১-১১-২০১৬ |
| ১১ | জনাব এস এম সাকিব হোসেন (১৩০৭০) | ২০-১০-১৯৮৭ | ০১-০১১-২০১৬ |
| ১২ | জনাব মোঃ তানভীর হোসেন খান (১৩০৭১) | ১৫-১০-১৯৮৫ | ০১-১১-২০১৬ |
| ১৩ | জনাব মোঃ বাবুল সরকার (১৩০৭২) | ০১-০১-১৯৮৫ | ৩১-১০-২০১৭ |
| ১৪ | জনাব দীপজয় খীসা (১৩০৭৩) | ০৯-০৯-১৯৮৫ | ৩১-১০-২০১৭ |
| ১৫ | জনাব মোঃ রফিকুল ইসলাম (১৩০৭৪) | ০৫-০২-১৯৮৮ | ৩১-১০-২০১৭ |
| ১৬ | জনাব মোঃ মেহেদী হাসান (১৩০৭৫) | ১১-০৬-১৯৮৯ | ২৮-০১-২০১৮ |
| ১৭ | জনাব সাজেদুল হাসান (১৩০৭৭) | ০৩-০১-১৯৮৬ | ২৮-০১-২০১৮ |
| ১৮ | জনাব মোঃ লোকমান হোসেন (১৩০৭৮) | ১০-০৫-১৯৯০ | ২৮-০১-২০১৮ |
| ১৯ | জনাব মোঃ সিরাজুল মোস্তফা (১৩০৭৯) | ২১-০২-১৯৯১ | ২৬-০৭-২০১৮ |
| ২০ | জনাব তুষার কুমার ব্যানার্জী (১৩০৮০) | ১০-১২-১৯৮৯ | ২৬-০৭-২০১৮ |
| ২১ | জনাব শিরীন আক্তার (১৩০৮১) | ০১-০১-১৯৯০ | ২৬-০৭-২০১৮ |
| ২২ | শেখ মুহাম্মদ খালেদুল করিম (১৩০৮২) | ২৪-১২-১৯৮৯ | ২৯-০৭-২০১৮ |
| ২৩ | জনাব গোলক মজুমদার (১৩০৮৪) | ০৫-০২-১৯৯১ | ২৯-০৭-২০১৮ |
| ২৪ | জনাব মোঃ আবু জাফর (১৩০৮৫) | ১০-০৫-১৯৯০ | ২৯-০৭-২০১৮ |
| ২৫ | জনাব রীফা রাওনাক নীতু (১৩০৮৬) | ৩১-০৩-১৯৯১ | ২৯-০৭-২০১৮ |
| ২৬ | জনাব সুব্রত সরকার শুভ (১৩০৮৭) | ০১-০১-১৯৯৩ | ২৯-০৭-২০১৮ |
| ২৭ | জনাব এস, কে ইফতেখার মোহাম্মদ উমায়ের (১৩০৮৮) | ১৫-০৬-১৯৮৯ | ২৯-০৭-২০১৮ |
| ২৮ | জনাব রাহুল সেন (১৩০৯১) | ০৪-০৬-১৯৯২ | ২০-১১-২০১৯ |
| ২৯ | জনাব মোঃ কাওসারুল হাসান রনি (১৩০৮৯) | ৩০-০৭-১৯৮৯ | ২০-১১-২০১৯ |
| ৩০ | জনাব রামেশ্বর দাস (১৩০৯০) | ০১-০১-১৯৯১ | ২০-১১-২০১৯ |
| ৩১ | জনাব মোঃ নাজির উল্লাহ (১৩০৯৫) | ০২-০১-১৯৯০ | ২৩-০৬-২০২১ |
| ৩২ | জনাব মোঃ আব্দুল কাদের (১৩০৯৬) | ২৯-০৯-১৯৯৩ | ২৩-০৬-২০২১ |
| ৩৩ | জনাব মোঃ জাকির হোসেন (১৩০৯৭) | ০৫-১১-১৯৯৫ | ২৩-০৬-২০২১ |
| ৩৪ | জনাব তাহমিনা ইয়াসমিন (১৩০৯৮) | ২৫-০৭-১৯৯১ | ২৩-০৬-২০২১ |

| জ্যেষ্ঠতার ক্রম | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | জন্ম তারিখ | চাকুরিতে প্রথম যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ৩৫ | জনাব শাহীন মাহমুদ (১৩০৯৯) | ০১-০১-১৯৮৯ | ২৩-০৬-২০২১ |
| ৩৬ | জনাব মোঃ আব্দুল আলিম (১৩১০০) | ১০-০৫-১৯৯১ | ২৩-০৬-২০২১ |
| ৩৭ | জনাব মোঃ আব্দুল হালিম রাজ (১৩১০৬) | ০২-০৮-১৯৯৩ | ১৮-১১-২০২১ |
| ৩৮ | জনাব কাসফিয়া আলম (১৩১০১) | ১৭-০২-১৯৯৪ | ২৩-০৬-২০২১ |
| ৩৯ | জনাব মোহাম্মদ আলী আককাস (১৩১০২) | ২৬-০২-১৯৯৫ | ২৩-০৬-২০২১ |
| ৪০ | জনাব সৌমিক রায় (১৩১০৩) | ৩০-১২-১৯৯৩ | ২৩-০৬-২০২১ |
| ৪১ | জনাব মারফিয়া আফরোজ (১৩১০৪) | ৩১-১২-১৯৯১ | ২৩-০৬-২০২১ |
| ৪২ | জনাব ফয়সাল মাহমুদ (১৩১০৫) | ০৪-১০-১৯৯২ | ২৩-০৬-২০২১ |

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**জান্নাতুল ফেরদৌস**
উপসচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৬ আশ্বিন ১৪৩০/২১ সেপ্টেম্বর ২০২৩

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০০২.২৩-২১৮**—যেহেতু, জনাব মোঃ জাহাঙ্গীর আরিফ প্রামানিক, উপজেলা সমাজসেবা অফিসার, পেকুয়া, কক্সবাজার (সাবেক উপজেলা সমাজসেবা কার্যালয়, মহাদেবপুর, নওগাঁ) এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, মহাদেবপুর, নওগাঁ কর্মকালে বয়স্ক, বিধবা, স্বামী পরিত্যক্তা ও প্রতিবন্ধী ভাতা বিতরণে এবং বিভিন্ন বেসরকারী এতিমখানার এতিম নিবাসীদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ অত্মসাৎ; মহাদেবপুর উপজেলার ১০ টি ইউনিয়নের উপকারভোগীর ভাতা পরিশোধ বহি নির্বাচিত চেয়ারম্যানদের মাধ্যমে ভাতাভোগীদের মাঝে বিতরণ না করে প্রাক্তন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিকট ভাতা পরিশোধ বহি তুলে দেওয়া; সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত বয়স্কভাতা বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত) ২০১৩ এর ১৬.২ মোতাবেক উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে ইউনিয়ন কমিটিকে কাজে না লাগিয়ে তিনি সরাসরি ইউনিয়ন পরিষদ হতে তালিকা গ্রহণ; সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির সদস্য সচিবের (ইউনিয়ন সমাজকর্মী) স্বাক্ষর ও রেজুলেশন ছাড়াই উপজেলা কমিটিতে তালিকা উপস্থাপন করে অনুমোদন; ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত) ২০১৩ এর ১৩(৩) অনুচ্ছেদ মোতাবেক ভাতা পরিশোধ বহি ভাতাভোগীদের মাঝে বিতরণ না করে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের হাতে সরাসরি তুলে দেওয়া; প্রতিবন্ধীদের সুবর্ণ নাগরিক কার্ড প্রস্তুত এবং প্রদানের ক্ষেত্রে নীতিমালা অনুসরণ না করে প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদানের অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ এর অভিযোগে তাঁর বিরুদ্ধে ০৩/২০২৩ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী লিখিত জবাব দাখিলকরত তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর (খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

সেহেতু, জনাব মোঃ জাহাঙ্গীর আরিফ প্রামানিক, উপজেলা সমাজসেবা অফিসার, পেকুয়া, কক্সবাজার (সাবেক উপজেলা সমাজসেবা কার্যালয়, মহাদেবপুর, নওগাঁ)-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (২)(খ) বিধি অনুযায়ী "দুই বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১০ আশ্বিন ১৪৩০/২৫ সেপ্টেম্বর ২০২৩

নং **৪১.০০.০০০০.০০৫.২৭.০৭৩.১৯-২২০**—যেহেতু, জনাব মোছাঃ সালমা খানম, উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), কিশোরগঞ্জ (সাবেক সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ) এর বিরুদ্ধে শহর সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জে কর্মকালে তাঁর অধীনস্থ জনাব মোঃ ওমর ফারুক, পৌর সমাজকর্মী (সাময়িক বরখাস্ত), শহর সমাজসেবা

কার্যালয়, কিশোরগঞ্জ বিভিন্ন প্রকল্প গ্রামের আরএসএস ক্ষুদ্র ঋণের জন্য বিনিয়োগ ও পুনঃবিনিয়োগকৃত তহবিলের আদায়কৃত ১৯,৫৩,৯৩১/- (উনিশ লক্ষ তিপান্ন হাজার নয়শত একত্রিশ) টাকা আত্মসাৎ করেন।

যেহেতু, ক্ষুদ্রঋণ কর্মসূচি যথাযথভাবে মনিটরিং ও সুপারভিশনের বিষয়ে দায়িত্বে অবহেলার কারণে অসদাচরণের অভিযোগে তাঁর বিরুদ্ধে ০৮/২০২০ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২০.২৭.০৩২.২০.২০৮, তারিখ: ০৭ ডিসেম্বর ২০২০);

যেহেতু, ০৮/২০২০ নম্বর বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে তিনি জবাব দাখিলকরত ব্যক্তিগত শুনানির আবেদন করেন। ব্যক্তিগত শুনানির জন্য যথাযথভাবে নোটিশ জারি ও অবহিত (ডাকযোগে, ই-মেইলে ও টেলিফোনে) করা সত্ত্বেও তিনি ধার্য তারিখে উপস্থিত হননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০০৫.২৭.০৭৩.১৯.২০২, তারিখ: ০৭ অক্টোবর ২০২১);

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে "নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্মারক নম্বর: ২৬৬, তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২ মোতাবেক তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়।

যেহেতু, তাঁর দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর জবাব সন্তোষজনক হয়নি বিধায় "নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের নিমিত্ত বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত নেওয়া হয় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক "নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে সহমত পোষণ করা হয়।

সেহেতু, জনাব মোছাঃ সালমা খানম, উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), কিশোরগঞ্জ (সাবেক সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, কিশোরগঞ্জ)-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে দুই বছরের জন্য "নিম্ন পদে নামিয়ে দেওয়ার" অর্থাৎ ২২,০০০-৫৩০৬০/- টাকার বেতন স্কেলের নিম্ন স্কেল ১৬,০০০-৩৮,৬৪০/- টাকার স্কেলে এবং তাঁর বর্তমান মূল বেতন ৩৯,৫৭০/- টাকার পরিবর্তে ৩১,৭৮০/- টাকার মূল বেতনে সহকারী সমাজসেবা অফিসার পদে নামিয়ে দেওয়ার গুরুদণ্ড প্রদান করা হলো। পদাবনতি বলবৎ থাকার সময়কাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে পূর্বের অর্থাৎ ২২,০০০-৫৩,০৬০/- টাকার স্কেলে ৩৯,৫৭০/- টাকার মূলবেতনে প্রত্যাবর্তন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৭ ভাদ্র ১৪৩০/১১ সেপ্টেম্বর ২০২৩

নং ৪১.০০.০০০০.০২০.২৭.০০৯.২২-২১০—যেহেতু, জনাব মোঃ ইমাম হাসিম, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জয়পুরহাট এর বিরুদ্ধে জনাব মোঃ মোফাজ্জল হোসেন, সাবেক কমান্ডার বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ক্ষেতলাল উপজেলা কমান্ড জয়পুরহাট কর্তৃক মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতার টাকা আত্মসাৎ; বগুড়া জেলার শেরপুর উপজেলায় উপজেলা সমাজসেবা অফিসার হিসেবে কর্মকালে বিভিন্ন ভাতার অর্থ কেন্দ্রীয় হিসাব থেকে সংরক্ষণের জন্য 'বয়স্কভাতা আনুতোষিক' শিরোনামে সোনালী ব্যাংক শেরপুর শাখায় হিসাব স্থানান্তর; ব্যাংক প্রতিনিধির উপস্থিতিতে বয়স্কভাতার কার্ড ভাতাভোগীদের মাঝে বিতরণ করার দাবী করলেও কোন মাস্টাররোল দেখাতে না পারা; ভাতা বিতরণের মাস্টাররোল সংরক্ষণ ও প্রদর্শন না করায় অবিতরণকৃত ভাতার অর্থ আত্মসাতের উদ্দেশ্যে একক স্বাক্ষরে পরিচালিত হিসাব নম্বরে স্থানান্তর; উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী হিসেবে কর্মকালে 'বেদে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন' শীর্ষক প্রশিক্ষণ খাতে ২০১৮-২০১৯ অর্থবছরে অনিয়ম; হলরুম ভাড়া বাবদ বরাদ্দকৃত ২০,০০০/- এবং প্রশিক্ষকের সম্মানীভাতার ৫৮,০০০/- সহ মোট ৭৮,০০০/- টাকা আত্মসাৎ; বিধি বহির্ভূতভাবে কর্তৃপক্ষের নির্দেশনা অমান্যকরত জয়পুরহাট সদর উপজেলার মোঃ সাদিকুর রহমান মন্ডল, প্রবেশন অফিসার, জয়পুরহাট এর পরিবর্তে শারমিন সুলতানা, শহর সমাজসেবা অফিসার, জয়পুরহাট-কে অতিরিক্ত দায়িত্ব প্রদানের অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, তাঁর বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগের বিষয়ে দুর্নীতি দমন কমিশন কর্তৃক বিধিমত ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়;

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে ০৭/২০২২ নম্বর বিভাগীয় মামলা রুজুকরত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর লিখিত জবাব দাখিলকরত তিনি ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। ব্যক্তিগত শুনানি গ্রহণ শেষে তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মোতাবেক জনাব মোঃ ইমাম হাসিম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

সেহেতু, জনাব মোঃ ইমাম হাসিম, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জয়পুরহাট-কে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী "দুই বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" লঘুদণ্ড প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহাঙ্গীর আলম**
সচিব।